গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২১০/২০১৮-২০১৯
ঢাকা, মঙ্গলবার ৭ মে ২০১৯, ২৪ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। শুরু হলো সিয়াম সাধনার মাস মাহে রমজান
দেশবাসী ও মুসলিম উম্মাহকে রমজানের শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী
২। মাহে রমজানের পবিত্রতা রক্ষার আহ্বান ধর্ম প্রতিমন্ত্রীর
৩। এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ
পরীক্ষার ফলের মান বৃদ্ধির সূচকে ইতিবাচক লক্ষণ : শিক্ষামন্ত্রী
৪। এসএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণদের প্রধানমন্ত্রীর অভিনন্দন
৫। ফণী পরবর্তী পুনর্বাসন কার্যক্রম সম্মিলিতভাবে গ্রহণ করুন :
সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতি প্রধানমন্ত্রী
৬। কঙ্গোতে সড়ক দুর্ঘটনায় অতিরিক্ত আইজিপি রৌশন আরা নিহত : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ
৭। দেশে আইএস নামে কোনো সংগঠন নেই : চুয়াডাঙ্গায় স্বরাষ্ট্রমন্ত্রী
কুষ্টিয়ায় ২২২ জনের মাদক ছাড়ার শপথ
৮। ক্রমাগত ভুল সিদ্ধান্তে বিএনপি জনবিচ্ছিন্ন : তথ্যমন্ত্রী
৯। বাংলাদেশ গ্লোবাল আউটসোর্সিংয়ের কেন্দ্রে পরিণত হয়েছে : অর্থমন্ত্রী
১০। রমজানে বাজার তদারকিতে মাঠে থাকবে ৮টি টিম : বাণিজ্যমন্ত্রী
১১। রমজানে গরুর মাংস ৫২৫, খাসি ৭৫০ টাকা কেজি নির্ধারণ করেছে ডিএসসিসি
১২। চ্যালেঞ্জ মোকাবিলায় গুরুত্বপূর্ণ হাতিয়ার রোবোটিক্স : আইসিটি প্রতিমন্ত্রী
১৩। বাণিজ্যিক স্পন্সরে টিভির খবর নয় : হাইকোর্টের রায়

চলমান পাতা-২

১। **শুরু হলো সিয়াম সাধনার মাস মাহে রমজান**

**দেশবাসী ও মুসলিম উম্মাহকে রমজানের শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী**

গতকাল (৬ মে সোমবার) বাংলাদেশের আকাশে রমজান মাসের চাঁদ দেখা গেছে। আজ ৭ মে মঙ্গলবার শুরু হলো মুসলমানদের সিয়াম সাধনার মাস পবিত্র রমজান। দেশের সবগুলো জেলা থেকে চাঁদ দেখার খবর পাওয়ার পর বায়তুল মোকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটি আনুষ্ঠানিকভাবে আজ থেকে রোজা পালনের ঘোষণা দেয়। কমিটিতে সভাপতিত্ব করেন ধর্ম প্রতিমন্ত্রী শেখ মোহাম্মদ আব্দুল্লাহ। তিনি বলেন, বাংলাদেশের ৫৪টি জেলায় রমজান মাসের চাঁদ দেখা গেছে। পবিত্র মাহে রমজান উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে দেশবাসী ও মুসলিম উম্মাহকে রমজানের শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), সমকাল (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

২। **মাহে রমজানের পবিত্রতা রক্ষার আহ্বান ধর্ম প্রতিমন্ত্রীর**

ধর্ম প্রতিমন্ত্রী অ্যাডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহ বলেছেন, মাহে রমজান মুসলমানদের জন্য রহমত, মাগফিরাত ও নাজাতের মাস। ইসলামের ৫টি স্তম্ভের অন্যতম রমজানে সিয়াম সাধনা তথা রোজা পালন করা। মাহে রমজানের গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন করে রমজানের সার্বিক পবিত্রতা রক্ষায় তিনি দেশবাসীর প্রতি আহ্বান জানান। প্রতিমন্ত্রী গতকাল (৬ মে সোমবার) বায়তুল মোকাররম জাতীয় মসজিদের দক্ষিণ গেটে মাহে রমজানের পবিত্রতা রক্ষায় জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত র‍্যালি পূর্ব সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮)।

৩। **এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ**

**পরীক্ষার ফলের মান বৃদ্ধির সূচকে ইতিবাচক লক্ষণ : শিক্ষামন্ত্রী**

গতকাল (৬ মে সোমবার) এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। এসএসসি ও সমমানের পরীক্ষায় এবার পাসের হার বেড়েছে। তবে কমেছে জিপিএ-৫ এর হার। এবার **১০** শিক্ষাবোর্ডে গড় পাসের হার ৮২ দশমিক ২০ শতাংশ। গতবারের পাসের হার ছিল ৭৭ দশমিক ৭৭ শতাংশ। সে হিসাবে পাসের হার বেড়েছে ৪ দশমিক ৪৩ শতাংশ।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, এসএসসি ও সমমান পরীক্ষার ফলের মান বৃদ্ধির সূচকে বেশকিছু ইতিবাচক লক্ষণ প্রকাশ পেয়েছে। এর পেছনে শিক্ষা মন্ত্রণালয়ের বেশ কিছু উদ্যোগ ভূমিকা রেখেছে। শিক্ষামন্ত্রী গতকাল রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে সংবাদসম্মেলনে এসএসসি ও সমপর্যায়ের পরীক্ষার ফল প্রকাশ অনুষ্ঠানে সন্তোষ প্রকাশ করে আরো বলেন, পাসের হার বৃদ্ধির কৃতিত্ব শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকদের। **ইত্তেফাক** (পৃ.১,ক.২), সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭) **ডেইলি সান,** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.৬)।

৪। **এসএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণদের প্রধানমন্ত্রীর অভিনন্দন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসএসসি, দাখিল ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী, তাদের অভিভাবক এবং শিক্ষকমণ্ডলীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। গতকাল (৬ মে সোমবার) ফলাফল প্রকাশ উপলক্ষে দেওয়া এক বাণীতে তিনি এ শুভেচ্ছা জানান। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি গতকাল বেলা **১১**টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে ফলাফলের সারসংক্ষেপ তুলে ধরেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬) ।

**৫। ফণী পরবর্তী পুনর্বাসন কার্যক্রম সম্মিলিতভাবে গ্রহণ করুন : সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতি প্রধানমন্ত্রী**

লন্ডন সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘূর্ণিঝড় ফণী পরবর্তী পুনর্বাসন কার্যক্রম সম্মিলিতভাবে গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে নির্দেশ দিয়েছেন। এ নির্দেশের প্রেক্ষিতে গতকাল (৬ মে সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে ঘূর্ণিঝড় পরবর্তী গৃহীত দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম পর্যালোচনা করা হয়। বৈঠকে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব প্রধানমন্ত্রীর প্রত্যক্ষ দিকনির্দেশনায় ও সকলের সম্মিলিত প্রচেষ্টায় ঘূর্ণিঝড় ফণী সফলভাবে মোকাবিলা করায় সকলকে ধন্যবাদ জানান। বৈঠকে উপস্থিত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জানান, সারাদেশে আরো ৭ হাজার আশ্রয়কেন্দ্র স্থাপনের প্রয়োজন। বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব সভায় অবহিত করেন, বর্তমানে সকল জেলায় বিদ্যুৎ সচল রয়েছে। পানিসম্পদ মন্ত্রণালয়ের সচিব সভায় অবহিত করেন যে, উপকূলীয় অঞ্চলে ৪ হাজার ৬৬৫ কিলোমিটার বাঁধের মধ্যে ২৪৩টি স্থানে বিচ্ছিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে ২টি বাঁধে বড় ধরনের ক্ষতি সাধিত হয়। অবশিষ্ট ২৪১টি বাঁধ মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ চলছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৬। কঙ্গোতে সড়ক দুর্ঘটনায় অতিরিক্ত আইজিপি রৌশন আরা নিহত : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক প্রকাশ**

বাংলাদেশ পুলিশের শীর্ষ নারী কর্মকর্তা ও পুলিশ স্টাফ কলেজের রেক্টর (অতিরিক্ত আইজি) রৌশন আরা বেগম (৫৭) কঙ্গোর রাজধানী কিনসাসায় এক দুর্ঘটনায় নিহত হয়েছেন। জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ পুলিশ ইউনিট সদস্যদের মেডেল প্যারেডে অংশ নিতে তিনি কঙ্গো গিয়েছিলেন। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক শোকবার্তায় কঙ্গোতে পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক রৌশন আরার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। শোকবার্তায় তাঁরা নিহতের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**৭। দেশে আইএস নামে কোনো সংগঠন নেই : চুয়াডাঙ্গায় স্বরাষ্ট্রমন্ত্রী কুষ্টিয়ায় ২২২ জনের মাদক ছাড়ার শপথ**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, দেশে আইএস নামে কোনো সংগঠনের অস্তিত্ব নেই। আইএস আন্তর্জাতিক চক্রান্ত ও ষড়যন্ত্রের অংশ। চুয়াডাঙ্গা-৬ বিজিবির সদরদফতরে গতকাল (৬ মে সোমবার) মাদকদ্রব্য ধ্বংস অনুষ্ঠানে বক্তৃতা শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। একই দিন কুষ্টিয়ায় স্বরাষ্ট্রমন্ত্রীর উপস্থিতিতে ২২২ মাদক ব্যবসায়ী ও সেবনকারী ঐ ভুল পথ ছাড়ার শপথ নিয়েছেন। চুয়াডাঙ্গায় স্বরাষ্ট্রমন্ত্রী আরো বলেন, শ্রীলংকায় সিরিজ বোমা হামলার পর বাংলাদেশ জঙ্গি হামলার বিষয়ে সতর্ক রয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারীবাহিনী এ বিষয়ে কাজ করছে। গতকাল কুষ্টিয়া স্টেডিয়ামে মাদকবিরোধী ও সম্প্রীতি সমাবেশে শপথ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), সমকাল (পৃ.২,ক.৩), **নিউ নেশন** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

**৮। ক্রমাগত ভুল সিদ্ধান্তে বিএনপি জনবিচ্ছিন্ন : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, ক্রমাগতভাবে ভুল সিদ্ধান্তের কারণেই বিএনপি আজ জনগণ থেকে বিচ্ছিন্ন। দলটি এখন জনগণের প্রতিপক্ষ। একটি রাজনৈতিক দলের জন্য কখনও তা ভালো হতে পারে না। গতকাল (৬ মে সোমবার) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৬)।

**৯। বাংলাদেশ গ্লোবাল আউটসোর্সিংয়ের কেন্দ্রে পরিণত হয়েছে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আহম মুস্তফা কামাল বলেছেন, আমাদের স্মার্ট সিটি তৈরি করার যথেষ্ট সম্ভাবনা ও স্থান রয়েছে। ভারত আগ্রহী হলে আমরা যে কোনো সময়ে উন্নয়ন সহযোগী হিসেবে স্মার্ট সিটি তৈরি করার জন্য প্রস্তুত রয়েছি। অর্থমন্ত্রী বাংলাদেশের কৌশলগত ভৌগোলিক অবস্থানের কথা উল্লেখ করে বলেন, এ দেশের ভৌগোলিক অবস্থান আঞ্চলিক যোগাযোগ, বিদেশি বিনিয়োগ এবং গ্লোবাল আউটসোর্সিংয়ের একটি কেন্দ্রে পরিণত করেছে। বাংলাদেশে এখন ডেমোগ্রাফিক ডিভিডেন্ডের সময়কাল চলছে, যা ২০৬১ সাল পর্যন্ত থাকবে। দক্ষ জনবল হিসেবে গড়ে তুলতে দেশের তরুণ-তরুণীদের বিভিন্ন ট্রেড প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। আগামীর চাহিদা পূরণে শিক্ষা সংস্কারের ক্লাসরুমগুলোতে পর্যায়ক্রমে এসব বিষয় শিক্ষা প্রদান করতে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ভারত চাইলে এ খাতেও বিনিয়োগ করতে পারে। রাজধানীর শেরেবাংলানগরে গতকাল (৬ মে সোমবার) অর্থমন্ত্রীর কার্যালয়ে সাক্ষাৎ করেন ঢাকায় ভারতের হাইকমিশনার রিভা গাঙ্গুলি। এ সময় তাঁরা আখাউড়া-আগরতলা রেলপথ প্রকল্পের নির্মাণ কাজ, দ্বিপক্ষীয় সম্পর্ক উন্নয়ন, বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৬), **নিউ নেশন** (পৃ.১৩,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮) ।

**১০। রমজানে বাজার তদারকিতে মাঠে থাকবে ৮টি টিম : বাণিজ্যমন্ত্রী**

রমজানে নিত্যপণ্যের বাজার নিয়ন্ত্রণে রাজধানীতে ৮টি টিম মাঠে থাকবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। এর মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের ৪টি ও টিসিবির অধীনে চারটি টিম বাজারে নজরদারি করবে। এছাড়া ভ্রাম্যমাণ আদালতও বাজার তদারকি করবে। গতকাল (৬ মে সোমবার) সচিবালয়ে বেসরকারি টেলিভিশন মালিকদের সংগঠন অ্যাসোসিয়েশন অভ্ টেলিভিশন চ্যানেল ওনার্সের (অ্যাটকো) সঙ্গে এক বৈঠক শেষে বাণিজ্যমন্ত্রী সাংবাদিকদের এসব কথা জানান। বাণিজ্যমন্ত্রী আরো বলেন, পবিত্র রমজানে জিনিসপত্রের দাম নিয়ন্ত্রণে রাখতে আমরা এবার কঠোর হব। কোনোভাবেই দ্রব্যমূল্য বাড়তে দেওয়া হবে না। তিনি বলেন, রমজান হচ্ছে সিয়াম সাধনা ও আত্মনিয়ন্ত্রণের মাস। বিশ্বের প্রায় সব দেশেই রমজান সামনে রেখে দ্রব্যমূল্য কমে আসে। অথচ বাংলাদেশেই এর ব্যতিক্রম। কিন্তু এবার আমরা কঠোরভাবে বাজার নিয়ন্ত্রণ করব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**১১। রমজানে গরুর মাংস ৫২৫, খাসি ৭৫০ টাকা কেজি নির্ধারণ করেছে ডিএসসিসি**

রমজান মাস উপলক্ষে রাজধানীতে মাংসের মূল্য নির্ধারণ করে দিয়েছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। প্রতি কেজি দেশি গরুর মাংস ৫২৫ টাকা ও খাসির মাংস ৭৫০ টাকা দরে বিক্রি হবে। প্রথম থেকে ২৬ রমজান পর্যন্ত এ দাম কার্যকর থাকবে। গতকাল (৬ মে সোমবার) ডিএসসিসি নগর ভবনে মাংস ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করে মেয়র মো. সাঈদ খোকন এ দর নির্ধারণ করে দেন। এ সময় মেয়র আরো বলেন, কোনো ব্যবসায়ী নির্ধারিত দরের চেয়ে বেশি দরে মাংস বিক্রি করলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৪)।

**১২। চ্যালেঞ্জ মোকাবিলায় গুরুত্বপূর্ণ হাতিয়ার রোবোটিক্স : আইসিটি প্রতিমন্ত্রী**

বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশবিদ্যালয়ে (বুয়েট) উদ্বোধন করা হলো রোবোটিক্স ল্যাব। গতকাল (৬ মে সোমবার) আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এ ল্যাবের উদ্বোধন করেন। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে 'বুয়েট রোবোটিক্স সেন্টার' প্রতিষ্ঠার পদক্ষেপ হিসেবে ১ কোটি ৬৫ লাখ টাকা ব্যয়ে এ ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে। ল্যাবটি বুয়েটের শিক্ষার্থী-শিক্ষক এবং বিশ্ববিদ্যালয় ও বাইরের গবেষকদের জন্য উন্মুক্ত থাকবে। উদ্বোধন অনুষ্ঠানে আইসিটি প্রতিমন্ত্রী বলেন, আমাদের এখন শ্রমনির্ভর অর্থনীতি থেকে বেরিয়ে মেধানির্ভর অর্থনীতির দিকে মনোনিবেশ করতে হবে। চতুর্থ শিল্প বিপ্লবের ধাক্কা সামলাতে হলে আমাদের এখনই উচ্চতর প্রযুক্তির দিকে নজর দিতে হবে। রোবোটিক্স চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় হতে পারে গুরুত্বপূর্ণ হাতিয়ার। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৪,ক.২)।

**১৩। বাণিজ্যিক স্পন্সরে টিভির খবর নয় : হাইকোর্টের রায়**

বাণিজ্যিক প্রতিষ্ঠানের স্পন্সরে বা বিজ্ঞাপন নিয়ে দেশের বেসরকারি টিভি চ্যানেলগুলোর সংবাদ প্রচারের ওপর নিষেধাজ্ঞা দিয়ে এক রায় ঘোষণা করেছে হাইকোর্ট। এক রিট আবেদনের রুলের চূড়ান্ত শুনানি শেষে বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী ও বিচারপতি শশাংক শেখর সরকারের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (৬ মে সোমবার) এ রায় দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, সমকাল, যায়যায়দিন, ইনকিলাব,যুগান্তর, সংবাদ, জনকণ্ঠ, এশিয়ান এজ, নিউজ টুডে, ইন্ডিপেনডেন্ট:** পবিত্র রমজান মাসকে স্বাগত জানিয়ে নিত্যপণ্যের বাজার যাতে নিয়ন্ত্রণে থাকে সে ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **ভোরের কাগজ, যুগান্তর, সংবাদ :** এসএসসি ও সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে এবারে পাশের হার বাড়ায় এ অগ্রগতির ধারা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

গ. **বণিক বার্তা :** ঘূর্ণিঝড় ফণী'র প্রভাবে কয়েকদিনের বৃষ্টিতে সুনামগঞ্জের হাওড় রক্ষা বাঁধে ভাঙ্গন দেখা দিয়েছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে বাঁধ নির্মাণে অনিয়ম-দুর্নীতি দূর করার সুপারিশ।

ঘ. **জনকণ্ঠ, বাংলাদেশ টুডে :** বাংলাদেশে ঘূর্ণিঝড় ফণী'র আঘাতে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের ওপর গুরুত্বারোপ।

ঙ. **ডেইলি সান :** দেশের প্লাষ্টিক বর্জ্যগুলো রি-সাইক্লিংয়ের ওপর গুরুত্বারোপ।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** বেপরোয়াভাবে মোটরসাইকেল চালানোয় তা প্রায়ই দুর্ঘটনার কারণ হয় উল্লেখ করে এসব মোটরসাইকেল চালকদের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আমাদের দেশে উচ্চশিক্ষার সঙ্গে তাল মিলিয়ে সৃজনশীলতা বাড়াতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'পাঠাভ্যাসই সেরা অভ্যাস'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বুদ্ধিবৃত্তিক চর্চা ও মানসিক বিকাশে প্রতিটি স্কুল, কলেজ, ইউনিয়ন, গ্রাম, পাড়া-মহল্লায় গ্রন্থাগার স্থাপন করা দরকার।

#

ডালিয়া/ফাহিমা/সাঈদা/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা